
# ইন্টারনেটে আয়ের অনেক পথ

পর্ব-৮

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

আউটসোর্সিংয়ে কাজ করে আয় করার ওপর প্রশিক্ষণভিত্তিক ধারাবাহিক লেখার আন্তর্জাতিক ব্যবসায়ে অ্যামাজন ডটকমে (Amazon.com) বাচ্চাদের বই কীভাবে লিখে আয় করবেন তা দেখানো হয়েছে। বাচ্চাদের বই লেখার জন্য অ্যামাজন ডটকমের নিজস্ব সফটওয়্যারটি হলো কিন্ডল কিডস বুক ক্রিয়েটর (Kindle Kids Book Creator)। এ সফটওয়্যারটি ডাউনলোড করে ইনস্টল করুন। বাচ্চাদের জন্য বইটি ছবিসহ তৈরি করুন এমএস ওয়ার্ডে এবং প্রিমো পিডিএফ সফটওয়্যার দিয়ে বইটি পিডিএফ ফরম্যাটে রূপান্তর করুন। বইয়ের কভার ইমেজ তৈরি করুন।




চিত্র-০১

প্রথমে আপনার বইটি এমএস ওয়ার্ডে তৈরি করুন। এরপর প্রিমো পিডিএফ সফটওয়্যারটি ডাউনলোড করে ইনস্টল করুন। আপনার কমপিউটার ডেস্কটপের একটি আইকন তৈরি করতে হবে। প্রিমো পিডিএফ সফটওয়্যারটি ওপেন করতে হয় না। ওয়ার্ডে লেখা বইটিকে মাউস দিয়ে টেনে প্রিমো পিডিএফ সফটওয়্যারটির আইকনের ওপর ছেড়ে দিলে বইটি পিডিএফ ফরম্যাটে তৈরি হবে। বইটি পিডিএফ হয়ে একই জায়গায় সেভ হবে। এবার কিন্ডল কিডস বুক ক্রিয়েটরটি ওপেন করে Create a new kid's book-এ ক্লিক করুন। নির্দেশনাটি পড়ে দেখুন এবং continue-তে ক্লিক করুন।




চিত্র-০২

এবার বইয়ের টাইটেল লিখুন, অথর এর জায়গায় আপনার নাম লিখুন, পাবলিশারের ঘরে প্রতিষ্ঠানের নাম লিখুন। What is the language of your book-এর ঘরে ইংলিশ সিলেক্ট করুন। ব্রাউজ বাটনে ক্লিক করে বইটি যেখানে সেভ করবেন সে জায়গাটি চিনিয়ে দিন। এবার continue বাটনে ক্লিক করুন।




চিত্র-০৩

পরবর্তী পেজে টেমপ্লেট হিসেবে 'Two images side-by-side' সিলেক্ট করে continue বাটনে ক্লিক করুন।





চিত্র-০৪

এবার ২নং অপশন সিলেক্ট করে Choose your cover image-এ ক্লিক করুন এবং বইয়ের ইমেজ সিলেক্ট করুন। এই ইমেজ দেখেই ক্রেতারা আপনার বইয়ের বিষয়বস্তু বোঝতে পারবে।

সুতরাং ইমেজটি চিন্তা-ভাবনা করে মানসম্মতভাবে তৈরি করে start adding page-এ ক্লিক করুন এবং আপনার লেখা বইটি সিলেক্ট করে অপেক্ষা করুন, যাতে সফটওয়্যারটি সম্পূর্ণ বইটি প্রসেস করতে পারে ও কিন্ডল ডিভাইসে সহজে পড়া যায়। কিছুক্ষণ অপেক্ষা করার পর 'You have successfully imported your book' মেসেজ এলে Ok বাটনে ক্লিক করুন।





চিত্র-০৫




চিত্র-০৬

এই স্ক্রিন থেকে সম্পূর্ণ বইটি প্রসেস করতে পারবেন। অ্যাড পেজ, রিমুভ পেজ এবং অন্যান্য পরিবর্তন করতে পারবেন। বুক প্রিভিউ বাটনে ক্লিক করে দেখতে পারবেন যে বইটি কিন্ডল ডিভাইসে কেমন দেখাবে। বইটি মানসম্মত হলে Save for publishing-এ ক্লিক করুন।




চিত্র-০৭

এখন বইটি অ্যামাজনে বিক্রির জন্য প্রস্তুত। এজন্য ক্লিক করুন https://kdp.amazon.com/ বা Help→Visit the Kindle Direct Publishing Website-এ যান এবং সাইনইন করুন।

এবার বই আপলোড করার জন্য Create New Title-এ ক্লিক করে নির্দেশনা অনুসরণ করুন।

বইটি আপলোড হয়ে গেলে সবার সামনে উপস্থিত করার জন্য একটি ওয়েবসাইট লাগবে, তবে তা আপনাকে কিনতে হবে না। এ ক্ষেত্রে google.com-এর বিনামূল্যে দেয়া blogspot.com ব্যবহার করতে পারেন। ব্লগে কাজ করার আরও সুবিধা আছে। এ ক্ষেত্রে আপনাকে security I bandwidth নিয়ে চিন্তা করতে হবে না।


একটি ব্লগ সাইটের জন্য জিমেইল অ্যাকাউন্ট তৈরি করতে হবে। জিমেইল খুলতে http://mail.google.com-এ গিয়ে Create an account-এ ক্লিক করুন। এবার ব্লগ সাইট তৈরি করার জন্য http://blogsopt.com-এ যান।

ভাষা হিসেবে ইংলিশ নির্বাচন করুন, যা একেবারে উপরে ডান দিক থেকে দ্বিতীয় সারিতে আছে। এবার জিমেইল অ্যাড্রেস এবং পাসওয়ার্ড দিয়ে সাইনইন করুন। পরবর্তী পেজে প্রয়োজনীয় তথ্য দিয়ে continue-এ ক্লিক করুন এবং ভাষা হিসেবে ইংলিশ নির্বাচন করে Create a Blog-এ ক্লিক করুন।


চিত্র-০৮


এখন আপনাকে নির্ধারণ করতে হবে কোন বিষয়ের ওপর ব্লগ সাইটটি তৈরি করতে চান। যেমন– Free Song, Free Movies, Free Video, Free Software ইত্যাদি। সেই অনুযায়ী ব্লগ টাইটেল দিন।

এখন ব্লগ অ্যাড্রেস




চিত্র-৯

Blog Address (ইউআরএল)- এর ঘরে আপনার সাইটের বিষয়বস্তু অনুযায়ী এমন একটি নাম দিন, যা আপনার সাইট সম্পর্কিত ধারণা দেবে।


চিত্র-১০

আপনার পছন্দমতো ইউআরএল নাম নেয়ার চেষ্টা করুন এবং নামটি খালি আছে কি না দেখার জন্য Check Availability-এ ক্লিক করুন (নামের উদাহরণ readerdesk1.blogspot.com)। যদি নামটি না থাকে তবে নামটি সামান্য পরিবর্তন করুন। নামটি পেয়ে গেলে Continue-এ ক্লিক করুন।



চিত্র-১১

এবার আপনার পছন্দমতো টেমপ্লেট নির্বাচন করে Continue-এ ক্লিক করুন।

পরবর্তী পেজে Start Blogging-এ ক্লিক করে আপনার সাইটের তথ্য উপস্থাপন করুন। এ ব্লগ সাইটে ইমেজ, ভিডিও, স্লাইড শো সবকিছু যুক্ত করে সাইটকে সুন্দর করা যাবে। আপনার তৈরি করা ব্লগ সাইটে একাধিক পৃষ্ঠা যুক্ত করতে এবং ইচ্ছেমতো তথ্য উপস্থাপন করতে পারবেন।

বইয়ের বিক্রি বাড়ানোর জন্য এ লেখায় weebly.com-কে ব্যবহার করা হয়েছে।

প্রথমে weebly.com-এ গিয়ে আপনার নাম, ই-মেইল অ্যাড্রেস,







চিত্র-১২

পাসওয়ার্ড দিন এবং সাইনআপ বাটনে ক্লিক করুন। এবার captcha দিয়ে Ok বাটনে ক্লিক করলে আপনার weebly-এর অ্যাকাউন্ট তৈরি হয়ে যাবে।

এবার ওয়েবসাইটের টাইটেল দিয়ে category I sub-category সিলেক্ট করুন এবং Continue-তে ক্লিক করুন। এরপর আপনার ওয়েবসাইটের




চিত্র-১৩

ইউআরএল সিলেক্ট করুন। ওয়েবসাইটের ইউআরএল হিসেবে weebly.com-এর সাব-ডোমেইন পাবেন। যেমন– আপনার ইউআরএল হবে smallbusinessa2z.weebly.com। এবার Continue বাটনে ক্লিক করুন।

এবার আপনার ওয়েবসাইটে তৈরি ড্যাশ বোর্ড পাবেন। এখানে আপনি ওয়েসাইটের design content ইচ্ছেমতো মডিফাই করতে পারবেন এবং আয় বাড়ানোর জন্য অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে পারবেন।

Weebly-এর ড্যাশ বোর্ডে কাজ করার জন্য টেক্সট, ইমেজ, ভিডিও ইত্যাদি যেটি প্রয়োজন সেটির ওপর থেকে টেনে এনে নিচে work space-এ ছেড়ে দিলেই এডিট করার অপশন পাবেন।



চিত্র-১৪

সেখানে আপনি কনটেন্ট অর্থাৎ টেক্সট, ইমেজ, ভিডিও, টেবল সংযুক্ত করতে পারবেন।

এভাবে আপনার বইয়ের বর্ণনা লিখে সাথে ইমেজ ব্যবহার করে Publish Button-এ ক্লিক করে পাবলিশ করবেন।

এরপর আপনার আয় আরও বাড়ানোর জন্য বই বিক্রির সাথে সাথে নতুন পণ্যকে গুগল অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে হবে। এ জন্য Google Adsense লেখা আইকনটিকে টেনে এনে ওয়ার্ক স্পেসে ছেড়ে দিন।

এবার already have an adsense account বাটনটি সিলেক্ট করুন এবং অ্যাডসেন্সের ই-মেইল ঠিকানা দিয়ে Accept-এ ক্লিক করুন।

বি দ্র : অনেক সময় সিকিউরিটি এবং অপটিমাইজেশনের জন্য সাইটের স্ট্রাকচার পরিবর্তন হয়। সুতরাং বইয়ের সাথে না মিলেলও ধীরে ধীরে সাইটের নির্দেশ অনুসরণ করে যাবেন।

*ফিডব্যাক : mentorsystms@gmail.com*